



বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

প্রশিক্ষণ ও যোগাযোগ উইং
BANGLADESH AGRICULTURAL RESEARCH INSTITUTE
JOYDEBPUR, GAZIPUR-1701

কৃষিই সমৃদ্ধি
Office Ph: 88-02-49270003
PABX: 49270041-8 Ex-5304
Fax: 88-02-9262954
E-mail: dir.tnc@bari.gov.bd
Web: www.bari.gov.bd

স্মারক নং-বারি/প্র. ও যো./নিজ খরচ/পিএইচডি-৫/২০১৭/

তারিখ:

প্রেরক : পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, গাজীপুর
প্রাপক : পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, গাজীপুর
বিষয় : সৈয়দা তাসনীম জান্নাত, বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-এর অনুকূলে দেশে নিজ খরচে পিএইচডি কোর্স সম্পন্ন করার নিমিত্তে প্রেষণাদেশ মঞ্জুরের জন্য আবেদন প্রসঙ্গে।

সৈয়দা তাসনীম জান্নাত, বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-এর অনুকূলে ১২/১১/২০১৭ খ্রি. হতে ১১/১১/২০২০ খ্রি. পর্যন্ত মোট ৩৬ (ছত্রিশ) মাস বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুরে কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন বিষয়ে নিজ খরচে পিএইচডি কোর্সে অধ্যয়নের নিমিত্তে প্রেষণাদেশ জারী করা হলো।

প্রেষণাদেশের শর্তাবলী:

১. পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য প্রেষণের সম্পূর্ণ মেয়াদকালে তিনি কর্মরত রহিয়াছেন বলিয়া গণ্য হইবেন।
২. প্রেষণকালে তাঁহার প্রাপ্যতানুযায়ী স্বাভাবিক বেতন ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।
৩. পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য অত্র ইনস্টিটিউট কর্তৃক প্রণীত নীতিমালা মানিতে বাধ্য থাকিবেন।
৪. তিনি প্রতি ০৬ (ছয়) মাস অন্তর গবেষণা তত্ত্বাবধায়কের মাধ্যমে অধ্যয়নের অগ্রগতির প্রতিবেদন নির্ধারিত ফরমে পরিচালক, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর বরাবর অবশ্যই প্রেরণ করিবেন।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেষণাদেশ প্রাপ্ত কর্মকর্তার নিকট হতে দপ্তরের যাবতীয় পাওনাদি গ্রহণ সাপেক্ষে অব্যাহতি প্রদান করিবেন।
৬. প্রেষণ শেষে যোগদানের তারিখ হইতে তিনি অঙ্গীকারনামা ও চুক্তিনামা অনুযায়ী বিএআরআই-তে ০৪ (চার) বৎসর চাকুরী করিতে বাধ্য থাকিবেন।
৭. প্রেষণ শেষ হইলে তিনি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক মহোদয়ের নিকট অভিসন্দর্ভ (ডিস্যারটেশন) এর খসড়া কপিসহ যোগদানপত্র পেশ করিবেন।
৮. প্রেষণ শেষে চাকুরীতে যোগদানের পর হইতে অঙ্গীকারনামা ও চুক্তিনামার নির্ধারিত শর্তসমূহ এবং চাকুরীর যাবতীয় নিয়মাবলী মানিতে বাধ্য থাকিবেন।
৯. ডিগ্রি অর্জনে ব্যর্থ হইলে চাকুরীর মেয়াদ পূরণসহ নির্ধারিত আর্থিক ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকিবেন।

স্বাক্ষরিত/-

(ড. পরিতোষ কুমার মালাকার)
পরিচালক (প্র. ও যো.)

স্মারক নং-বারি/প্র. ও যো./নিজ খরচ/পিএইচডি-৫/২০১৭/ ৫১২৪

তারিখ: ১২/১১/১৭

অনুলিপি:

১. পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
২. মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর। আপনাকে তথ্য সংরক্ষণের ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হলো।
৩. বিভাগীয় প্রধান, কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর
৪. উপ-পরিচালক, (প্রশাসন/অর্থ ও হিসাব), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
৫. সৈয়দা তাসনীম জান্নাত, বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ ও যোগাযোগ উইং, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
৭. এসইআর সেল, প্রশাসন শাখা, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর
৮. অফিস কপি

(ড. পরিতোষ কুমার মালাকার)
পরিচালক (প্র. ও যো.)